

প্রিয় পরিবারবর্গ,

2019-20 স্কুল বছরের ক্যালেন্ডারে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন সম্পর্কে জানাতে আমরা আপনাদের কাছে চিঠি দিচ্ছি। স্কুলগুলোর শীতের অবকাশের জন্য ছুটি শুরু হবে সোমবার, 23 ডিসেম্বর, 2019 তারিখ থেকে। স্কুলগুলো বন্ধ থাকবে সোমবার, 23 ডিসেম্বর, 2019 তারিখ থেকে, এবং খুলবে বৃহস্পতিবার, 2 জানুয়ারি, 2020 তারিখে। এটি মঙ্গলবার, 24 ডিসেম্বরের পূর্বঘোষিত শীতের ছুটি শুরুর তারিখের হালনাগাদকরণ।

ক্যালেন্ডারে এই সামঞ্জস্যবিধান করা হয়েছে যাতে ছুটির মওশুমকে ঘিরে পরিবারসমূহের চাহিদার বিষয়টিকে বিবেচনা কর হয়। স্কুল ক্যালেন্ডার সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/calendar দেখুন এবং কোন প্রশ্ন থাকলে 311 কিংবা 718-935-2200 নম্বরে যোগাযোগ করুন।

বিশ্বস্ত,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন